বাফুফে ছাড়ছেন পল

গুঞ্জনটা ছিলো গত কিছুদিন ধরেই, অবশেষে সত্যি হলো সেটিই। পদত্যাগ করেছেন বাংলাদেশ ফুটবল ফেডারেশনের টেকনিক্যাল ডিরেক্টর পল স্মলি। বাংলাদেশের ফুটবল কাঠামোর প্রতি অসন্তোষ জানিয়েই দায়িত্ব ছেড়েছেন স্মলি।

আগামীকাল রোববার (১৬ জুলাই) ঢাকা ত্যাগ করার কথা ব্রিটিশ বংশোদ্ভূত অস্ট্রেলিয়ান এই টেকনিক্যাল ডিরেক্টরের।

টেকনিক্যাল ডিপার্টমেন্ট না থাকা, জেলাভিত্তিক ফুটবল কাঠামো উন্নয়নে ফেডারেশনের অনীহার কারণে বাংলাদেশে আর কাজ করতে চান না বলে জানিয়েছেন স্মলি। এছাড়া বিগত কিছুদিন ধরেই বাফুফের সঙ্গে সম্পর্কটাপ তেমন ভালো যাচ্ছিলো না স্মলির।

বাফুফের৫ সাবেক সাধারণ সম্পাদক আবু নাঈম সোহাগের ওপর ফিফা থেকে প্রদত্ত নিষেধাজ্ঞার ঘটনাও স্মলির পদত্যাগের অন্যতম কারণ। এই ব্যাপারে স্মলি জানিয়েছেন, ‘ফিফার নিষেধাজ্ঞায় বলা আছে বাংলাদেশে ফুটবল স্ট্রাকচার সঠিক নয়। প্রশাসনিক কার্যক্রমও সঠিকভাবে পরিচালিত হয় না। তাই এখানে কাজ করা ঠিক হবে না বলেই পদত্যাগের সিদ্ধান্ত নিয়েছি।’

সূত্র: ইত্তেফাক

কোটচাঁদপুরে বীর মুক্তিযোদ্ধা নূরে আলম সিদ্দিকী ফুটবলে পৌর একাদশ চ্যাম্পিয়ন

ঝিনাইদহের কোটচাঁদপুরে বীর মুক্তিযোদ্ধা নূরে আলম সিদ্দিকী আন্তঃইউনিয়ন ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে।

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

শেষ দুই বলে প্রয়োজন হয় ২ রান। এ সময় ক্রিজে এসে চার মেরে সব নাটকের অবসান ঘটিয়ে বাংলাদেশের জয় নিশ্চিত করেন শরিফুল ইসলাম। হৃদয় ৩২ বলে ৪৭ ও শরিফুল ১ বলে ৪ রানে অপরাজিত থাকেন।

সূত্র: ইত্তেফাক

মুজিবনগরে মোনাখালী ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

মুজিবনগরে মোনাখালী ফুটবল টুর্নামেন্ট-২০২৩ এর শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার বিকেলে শহীদ ওলিউল বারী আনসার ক্লাব ও মোনাখালী গ্রামবাসির আয়োজনে, মোনাখালী ফুটবল খেলার মাঠে উদ্বোধনী অনুষ্ঠানে মোনাখালি ইউনিয়ন যুবলীগের সভাপতি আব্দুল খালেকের সঞ্চালনায়, মোনাখালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মফিজুর রহমানের সভাপতিত্বে, মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেস বিশ্বাস প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই ফুটবল টুর্নামেন্টের শুভ উদ্বোধন করেন।

এ সময় উপস্থিত ছিলেন মুজিবনগর থানা অফিসার ইনচার্জ (ওসি) মেহেদী রাসেল, উপজেলা আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা, সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ,বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেন, বাগোয়ান ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মুজিবুর রহমান মধু, উপজেলা কৃষকলীগের সভাপতি জাহিদ হাসান রাজিব, সাধারণ সম্পাদক শাহিনুর রহমান মানিক, মোনাখালী ইউনিয়ন পরিষদের এক নম্বর ওয়ার্ড সদস্য হাবিবুর রহমান হাবিবসহ টুর্নামেন্ট আয়োজক কমিটির সদস্যবৃন্দ।

মোনাখালী ফুটবল টুর্নামেন্ট -২০২৩ নকআউট শুক্রবার টুর্নামেন্টে ৩২ টি দল অংশগ্রহণ করছে। টুর্নামেন্টের বিজয়ী দলকে পুরস্কার হিসেবে ১ লক্ষ টাকা এবং রানার আপ দলকে পুরস্কার হিসেবে ৬০ হাজার টাকা প্রদান করা হবে।

উদ্বোধনী খেলায় একদিকে অংশগ্রহণ করে যতারপুর ফ্রেন্ডস ক্লাব এবং রাজনগর একাদশ বৃষ্টি বিঘ্নিত উদ্বোধনী খেলায় যাতারপুর ফ্রেন্ডস ক্লাব ২-০ গোলে রাজনগর একাদশকে পরাজিত করে।

টি-টোয়েন্টিতে বাংলাদেশ-আফগানিস্তানের পরিসংখ্যান

দলীয় সর্বোচ্চ
বাংলাদেশ ১৫৫/৮
মিরপুর, ২০২২
আফগানিস্তান ১৬৭/৮
দেরাদুন, ২০১৮
দলীয় সর্বনিম্ন
বাংলাদেশ ১১৫, মিরপুর, ২০২২ আফগানিস্তান ৭২, মিরপুর, ২০১৪
সবচেয়ে বেশি রান
বাংলাদেশ ১৯৪, মাহমুদউল্লাহ
আফগানিস্তান ১৪৯
মোহাম্মদ নবী
ব্যক্তিগত সর্বোচ্চ ইনিংস
বাংলাদেশ ৭০*, সাকিব আল হাসান, চট্টগ্রাম, ২০১৯ আফগানিস্তান ৮৪*, মোহাম্মদ নবী, মিরপুর, ২০১৯

সর্বোচ্চ জুটি

বাংলাদেশ ৮৪, মুশফিকুর ও মাহমুদউল্লাহ, দেরাদুন, ২০১৮

আফগানিস্তান ৯৯, উসমান গনি ও হজরতউল্লাহ জাজাই

মিরপুর, ২০২২

সবচেয়ে বেশি উইকেট

বাংলাদেশ ১১, সাকিব

আফগানিস্তান ১৭, রশিদ খান

সেরা বোলিং

বাংলাদেশ ৪/১০, নাসুম

আহমেদ, মিরপুর, ২০২২

আফগানিস্তান ৪/১২, রশিদ দেরাদুন, ২০১৮

সবচেয়ে বেশি ক্যাচ

বাংলাদেশ ৭, মাহমুদউল্লাহ

আফগানিস্তান ৫, রশিদ

সবচেয়ে বেশি ডিসমিসাল

বাংলাদেশ ৪, মুশফিকুর

আফগানিস্তান ২

মোহাম্মদ শাহজাদ

ও রহমানউল্লাহ গুরবাজ

টি-টোয়েন্টিতে আত্মবিশ্বাসী বাংলাদেশ

প্রথম দুই ম্যাচের বাজে পারফরম্যান্সকে পেছনে ফেলে আফগানিস্তানের বিপক্ষে তৃতীয় ও শেষ ওয়ানডেতে ৭ উইকেটের জয় শুধুমাত্র হোয়াইটওয়াশ এড়াতেই সহায়তা করেনি, দুই ম্যাচের টি-টোয়েন্টি সিরিজের আগে আত্মবিশ্বাসী করেছে বাংলাদেশকে।

আগামী ১৪ এবং ১৬ জুলাই সিলেটে দুই ম্যাচের টি-টোয়েন্টি সিরিজটি অনুষ্ঠিত হবে। ইতোমধ্যেই সিলেট পৌঁছেছে সাকিব-লিটনরা।

সংক্ষিপ্ত ভার্সনে নিঃসন্দেহে আফগানিস্তান বিশ্বের অন্যতম সেরা দল। পরিসংখ্যানে এই ফরম্যাটে বাংলাদেশের চেয়ে আফগানিস্তান অনেক এগিয়ে রয়েছে। যেখানে নয়বারের মোকাবেলায় আফগানদের জয় ৬টিতে এবং বাংলাদেশের ৩টিতে। সবগুলোতেই সহজ জয় পেয়েছে আফগানিস্তান। অন্যদিকে জয় পেতে ঘাম ঝরাতে হয়েছে বাংলাদেশকে।

বাংলাদেশের বিপক্ষে শেষ দুই ম্যাচে সহজভাবেই যথাক্রমে ৮ এবং ৭ উইকেটে জিতেছে আফগানিস্তান। কিন্তু শেষ পাঁচ লড়াইয়ের মধ্যে দুটিতে জয় পেয়েছে বাংলাদেশ। অর্থাৎ, আফগানদের বিপক্ষে মোট তিনটি জয়ের মধ্যে দু’টিই সাম্প্রতিক সময়ে পেয়েছে টাইগাররা।

সাকিব আল হাসানের নেতৃত্বে এই ফরম্যাটে বাংলাদেশ ধীরে ধীরে উন্নতি করছে। ২-১ ব্যবধানে হারা ওয়ানডে সিরিজে শেষ দুই ম্যাচে দলকে নেতৃত্ব দেন লিটন দাস।, শেষ ওয়ানডের জয় আফগানিস্তানের বিপক্ষে প্রথমবারের মত টি-টোয়েন্টি সিরিজ জিততে আত্মবিশ্বাস জোগাবে বলেই আশা করছেন লিটন।

২০২২ সালে সর্বশেষ বাংলাদেশ-আফগানিস্তানের মধ্যকার দুই ম্যাচের টি-টোয়েন্টি সিরিজ ১-১ সমতায় শেষ হয়েছিলো।

তৃতীয় ও শেষ ওয়ানডে ৭ উইকেটে জয়ের পর লিটন বলেন, ‘টি-টোয়েন্টি সিরিজের আগে শেষ ওয়ানডের জয় টনিক হিসেবে কাজ করবে।’

তিনি আরও বলেন, ‘ছেলেরা ভালো পারফরম্যান্স করেছে। শরিফুল ও তাসকিন নতুন বলের সুবিধা কাজে লাগিয়েছে। মাঝের ওভারগুলোতে ভালো করেছে স্পিনাররা। পুরো কৃতিত্ব বোলারদের। নিশ্চিতভাবেই

আত্মবিশ্বাসী হয়ে আমরা টি-টোয়েন্টি সিরিজ খেলতে নামবো।’

সিরিজে প্রথমবার খেলতে নেমে ২১ রানে ৪ উইকেট নিয়ে ক্যারিয়ার সেরা বোলিং করেন শরিফুল। তার বোলিং নৈপুণ্যে জয় নিয়ে মাঠ ছাড়ে বৃষ্টি আইনে প্রথম ম্যাচ ১৭ রানে এবং দ্বিতীয়টি ১৪২ রানে হেরে চাপে থাকা বাংলাদেশ।

শরিফুল বলেন, ‘ এই জায়গায় আসতে আমি কঠোর পরিশ্রম করেছি। আয়ারল্যান্ড সিরিজের পর আমাকে কিছু কাজ দিয়েছিলন হাথুরুসিংহে ও ডোনাল্ড। আমি সেগুলো করেছি।’

তিনি আরও বলেন, ‘বোলিং জুটি যখন ভালো হয়, তখন ছন্দেরও উন্নতি হয়। তাসকিন খুব ভালো বোলিং করছিল যা আমার জন্য সহজ হয়ে গিয়েছে।’

সূত্র: ইত্তেফাক

টি-টোয়েন্টি সিরিজ খেলতে সিলেটে বাংলাদেশ

আফগানিস্তানের বিপক্ষে হতাশাজনক ওয়ানডে সিরিজ শেষ করেছে বাংলাদেশ। প্রথমবারের মতো আফগানদের কাছে ওয়ানডে সিরিজ হেরেছে টাইগাররা। তবে তৃতীয় ও শেষ ওয়ানডে ম্যাচে দাপুটে জয়ে হোয়াইটওয়াশ এড়িয়েছে বাংলাদেশ। ওয়ানডের পর এবার আফগানদের বিপক্ষে টি-টোয়েন্টি সিরিজে মাঠে নামবে সাকিব-লিটনরা। আগামী ১৪ ও ১৬ জুলাই সিলেটে দুই ম্যাচের টি-টোয়েন্টি সিরিজটি অনুষ্ঠিত হবে।

টি-টোয়েন্টি সিরিজ খেলতে ইতিমধ্যে সিলেটে পৌঁছে গেছে বাংলাদেশ দল। বুধবার (১২ জুলাই) দুপুর নাগাদ পৌঁছায় দলের সকল খেলোয়াড় এবং কোচিং স্টাফ। বাংলাদেশের পাশাপাশি আফগানিস্তান দলও এখন অবস্থান করছে সিলেটে।

টি-টোয়েন্টিতে বাংলাদেশের চেয়ে অনেক এগিয়ে রয়েছে আফগানিস্তান। দুই দলের ৯ বারের দেখায় আফগানদের জয় ৬টিতে এবং বাংলাদেশের ৩টিতে।

সবগুলোতেই সহজ জয় পেয়েছে আফগানিস্তান। অন্যদিকে জয় পেতে ঘাম ঝড়াতে হয়েছে বাংলাদেশকে। বাংলাদেশের বিপক্ষে শেষ দুই ম্যাচে সহজভাবেই যথাক্রমে ৮ এবং ৭ উইকেটে জিতেছে আফগানিস্তান। কিন্তু শেষ পাঁচ লড়াইয়ের মধ্যে দু’টি জয় পায় বাংলাদেশ। অর্থাৎ, আফগানদের বিপক্ষে মোট তিনটি জয়ের মধ্যে দু’টিই সাম্প্রতিক সময়ে পেয়েছে টাইগাররা।

সাকিব আল হাসানের নেতৃত্বে এই ফরম্যাটে বাংলাদেশ ধীরে ধীরে উন্নতি করছে। ২-১ ব্যবধানে হারা ওয়ানডে সিরিজে দলকে শেষ দুই ম্যাচে নেতৃত্ব দেন লিটন দাস। শেষ ওয়ানডের জয় আফগানিস্তানের বিপক্ষে প্রথমবারের মত টি-টোয়েন্টি সিরিজ জিততে আত্মবিশ্বাস যোগাবে বলেই আশা করছেন লিটন। ২০২২ সালে সর্বশেষ বাংলাদেশ-আফগানিস্তানের মধ্যকার দুই ম্যাচের টি-টোয়েন্টি সিরিজ ১-১ সমতায় শেষ হয়েছিলো।

সূত্র: ইত্তেফাক

দামুড়হুদায় জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট; কুড়ালগাছি ইউনিয়ন একাদশ চ্যাম্পিয়ন

দামুড়হুদায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট বালক (অনূর্ধ্ব-১৭) এর ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে। ফাইনাল খেলায় দর্শনা পৌরসভা একাদশ কে হারিয়ে চ্যাম্পিয়ন হবার গৌরব অর্জন করেছে কুড়ালগাছি ইউনিয়ন একাদশ।

আজ মঙ্গলবার বিকেল ৪টার দিকে দামুড়হুদা শেখ রাসেল মিনি স্টেডিয়াম মাঠে ফাইনাল খেলায় মুখোমুখি মাঠে নামে দর্শনা পৌরসভা একাদশ বনাম কুড়ালগাছি ইউনিয়ন একাদশ।

খেলার নির্ধারিত সময়ে উভয় দল ২-২গোল করে এবং ২য়আর্ধে দর্শনা পৌরসভা একাদশ ১টি অফসাইড গোল করলে রেফারি গোলটি বাতিল বলে

মেহেরপুরে বঙ্গবন্ধু ক্রীড়া সেবী কল্যাণ ফাউন্ডেশনের চেক বিতরণ

বঙ্গবন্ধু ক্রীড়া সেবী কল্যাণ ফাউন্ডেশন হতে প্রদত্ত মাসিক ভাতা ও এককালীন আর্থিক অনুদানের চেক বিতরণের করা হয়েছে।

মঙ্গলবার দুপুরে মেহেরপুর জেলা প্রশাসক সম্মেলন কক্ষে এ চেক বিতরণ করা হয়।

জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) লিংকন বিশ্বাস, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) মোঃ আব্দুল কাদির মিয়া, সিভিল সার্জন ডা: জওয়াহেরুল আনাম সিদ্দিকী, মেহেরপুর জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক (ভারপ্রাপ্ত) কাজী কাদের মোহাম্মদ ফজলে রাব্বি, মেহেরপুর জেলা ক্রীড়া অফিসার আরিফ আহমেদ, মেহেরপুর জেলা পরিসংখ্যান কার্যালয়ের উপপরিচালক মোঃ বছির উদ্দিন, মেহেরপুর সদর উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান লতিফুন নেছা লতা, আমঝুপি ইউনিয়নের চেয়ারম্যান বোরহান উদ্দিন আহমেদ চুন্নু, কুতুবপুর ইউনিয়নের চেয়ারম্যান সেলিম রেজা সহ বিভিন্ন কর্মকর্তা উপস্থিত ছিলেন।

এ সময় ১৭ জনের মাঝে ৪ লক্ষ ৮ হাজার টাকার চেক বিতরণ করা হয়।

শরীফুলের পেসে বিধ্বস্ত

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]